

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৪৫.১৪৩.০১১.০১.০০.০০২.২০১৯-৭১৬


তারিখঃ ২৮.১১.২০১৯খ্রিঃ

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৭/১১/২০১৯খ্রিঃ তারিখের ৪৫.১৪৩.০১১.০১.০০.০০২.২০১৯-৭১২নং পত্রের অনুবৃত্তিক্রমে আগামী ০৮ ডিসেম্বর ২০১৯খ্রিঃ. রোববার বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টার, ঢাকায় (কুড়িল বিশ্বরোডের তিনশ ফিট সড়কের পূর্বাচল হাইওয়ে এক্সপ্রেসের পাশে) ৩৯তম বিশেষ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারে নবনিয়োগপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাদের চাকুরীতে যোগদানের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (i) যোগদানপত্র (নির্ধারিত ফরমেট পূরণ পূর্বক) - ২কপি।
- (ii) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি - ১কপি।

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮ নভেম্বর, ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.৩৯.০১০.৪৮২নং প্রজ্ঞাপনের অনুচ্ছেদ (বা) ও (ঢ) এ বর্ণিত বিধানাবলী মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রাদি পদায়নকৃত কর্মস্থলে সংশ্লিষ্ট সিভিল সার্জন এর কার্যালয়ে দাখিল করতে হবে।

৩। নিয়োগ প্রাপ্ত চিকিৎসকগণকে যোগদান অনুষ্ঠানে তাঁদের সাথে অভিভাবক আনার বিষয়টি নিরুৎসাহিত করা হলো।

  
(শারমিন আক্তার জাহান)  
উপসচিব (পার-২)  
ফোনঃ ৯৫৪০৪৪৮  
per2@hsd.gov.bd

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তঁাকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তঁাকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। অতিরিক্ত সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বর্ণিত প্রজ্ঞাপনে উল্লিখিত চিকিৎসক কর্মকর্তাগণ।

৩৯তম (বিশেষ) বিসিএস (স্বাস্থ্য) এর সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে যোগদান পত্রের নমুনা

সচিব  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে যোগদান।

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিয়োগ অধিশাখার ০৫.০০.০০০০.১৪৭.৩৯.০১০.১৯-৪৮২, তারিখ-১৮ নভেম্বর, ২০১৯খ্রিঃ নং প্রজ্ঞাপন অনুযায়ী বিসিএস স্বাস্থ্য ক্যাডারের সহকারী সার্জন/সহকারী ডেন্টাল সার্জন পদে অদ্য ০৮/১২/২০১৯ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগে যোগদান করলাম।

আমার যোগদানপত্র গ্রহণ করার জন্য বিনীত অনুরোধ করছি।

(স্বাক্ষর)

নামঃ  
রেজিং নং-  
মেধাক্রম-  
নিজ উপজেলা-  
নিজ জেলা-